# AKASHVANI (Kolkata)
## Regional News Unit

**Date : 14.02.2025** **Desk in Charge :**

**Time : 7-35 AM** **Compiling & NR :**

**DEO : KB**

Opening Announcement :- আকাশবাণী, খবর পড়ছি ঃ-

বিশেষ বিশেষ খবরঃ–

১) ২০০৭ সালে নন্দীগ্রাম ও খেজুরীতে জমি অধিগ্রহণ বিরোধী আন্দোলনের সময় হত্যাকান্ড সম্পর্কিত ১০ টি ফৌজদারি মামলার অভিযুক্তদের বিচারের মুখোমুখি হতে হবে বলে রায় দিয়েছে কলকাতা হাইকোর্ট।

২) 'অপারেশন সাইবার শক্তি' অভিযানের মাধ্যমে সাইবার অপরাধের সঙ্গে যুক্ত ৪৬ জনকে গ্রেপ্তার করেছে রাজ্য পুলিশ। উদ্ধার বিপুল পরিমাণ নগদ টাকা।

৩) রাজ্য বিধানসভায় পাশ হওয়া 'অপরাজিতা বিল'-এ দ্রুত সম্মতির আবেদন নিয়ে রাষ্ট্রপতি দ্রৌপদী মুর্মুর দ্বারস্থ হয়েছে তৃণমূল কংগ্রেস।

৪/ 'আবাস যোজনা', 'একশ দিনের কাজ' সহ নানা প্রকল্প নিয়ে পশ্চিমবঙ্গ সরকারের ভূমিকার কড়া সমালোচনা কেন্দ্রীয় অর্থমন্ত্রীর।
# বিরোধিতা করেছে তৃণমূল কংগ্রেস।

৫/ 'ঘাটাল মাস্টার প্ল্যান' রূপায়ণের জন্য বাজেটে ৫০০ কোটি টাকা ঘোষণা 'ঐতিহাসিক' বলে মন্তব্য করেছেন সেচমন্ত্রী মানস রঞ্জন ভুঁইঞা।

৬/ উত্তরাখন্ডে জাতীয় গেমসে বাংলা আরো দুটি সোনা জয় করেছে।

***************************************************************************

২০০৭ সালে নন্দীগ্রাম ও খেজুরীতে জমি অধিগ্রহণ বিরোধী আন্দোলনের সময় হত্যাকান্ড সম্পর্কিত ১০ টি ফৌজদারি মামলার অভিযুক্তদের বিচারের মুখোমুখি হতে হবে বলে কলকাতা হাইকোর্ট রায় দিয়েছে। পাশাপাশি আদালত এ'সংক্রান্ত মামলাগুলি পুনরায় শুরু করা এবং অভিযুক্তদের বিরুদ্ধে ব্যবস্থা গ্রহণেরও নির্দেশ দিয়েছে।

বিচারপতি দেবাংশু বসাকের নেতৃত্বাধীন ডিভিশন বেঞ্চ রায়ে জানিয়েছে, অন্তত ১০ জন ব্যক্তিকে হত্যাকান্ড সম্পর্কিত মামলাগুলি প্রত্যাহারের সিদ্ধান্ত, আইনগতভাবে ভ্রান্ত। ২০২০ সালে ফৌজদারি কার্যবিধির ৩২১ নম্বর ধারা অনুযায়ী এই মামলাগুলি প্রত্যাহার করে রাজ্য সরকার। বেঞ্চ আরও বলেছে যে, এই ধারা প্রয়োগে রাজ্য সরকারের সিদ্ধান্ত আইনসঙ্গত বা বৈধ নয়। যেকোনো ধরণের হিংসায় প্রত্যেক রাজ্যকে 'জিরো টলারেন্স' মনোভাব দেখানোর'ও পরামর্শ দিয়েছে হাইকোর্ট।

**************************

রাজ্য পুলিশের বিশেষ তদন্তকারী দল অভিযান চালিয়ে সাইবার প্রতারণার একটি চক্র ভেঙে দিয়েছে। বীরভূম, আসানসোল সহ বেশ কয়েকটি জায়গায় তল্লাশি চালিয়ে পাকড়াও করা হয়েছে ৪৬ জনকে। দক্ষিণবঙ্গের বিভিন্ন জেলা থেকে একাধিক সংস্থার নাম করে প্রতারণা, ডিজিটাল অ্যারেস্ট, চাকরী দেওয়ার নাম করে প্রতারণার অভিযোগ আসছিল। এরপরই রাজ্য পুলিশ 'অপারেশন সাইবার শক্তি' অভিযান শুরু করে।

ADG দক্ষিণবঙ্গ সুপ্রতিম সরকার গতকাল এক সাংবাদিক বৈঠকে জানিয়েছেন, এপর্যন্ত নগদ সাড়ে চার লক্ষ টাকা, মোবাইল ফোন, সিমকার্ড এবং ডেবিট কার্ড বাজেয়াপ্ত হয়েছে। ধৃতরা সকলেই জামতারা গ্যাং-এর সঙ্গে যুক্ত বলে তিনি জানান।

( বাইট- ADG )

**************************

'অপরাজিতা বিল'-এ দ্রুত সম্মতি দেওয়ার আবেদন নিয়ে তৃণমূল কংগ্রেসের একটি সংসদীয় প্রতিনিধি দল গতকাল রাষ্ট্রপতি দ্রৌপদী মূর্মুর সঙ্গে সাক্ষাৎ করেছে। দলের লোকসভার নেতা সুদীপ বন্দ্যোপাধ্যায় এবং রাজ্যসভার সাংসদ ডেরেক ও ব্রায়ান-এর

নেতৃত্বে ১১ সদস্যের এই প্রতিনিধি দলটি রাষ্ট্রপতি ভবনে গিয়ে 'অপরাজিতা-উওমেন এন্ড চাইল্ড বিল-২০২৪'-এ দ্রুত অনুমোদন দেবার অনুরোধ জানিয়েছেন।

পরে সাংবাদিকদের কাছে সুদীপ বন্দ্যোপাধ্যায় জানান-

( বাইট- সুদীপ)

উল্লেখ্য, RG KAR কান্ডের পরে ধর্ষণ ও হত্যার মামলায় দোষীদের সর্বোচ্চ শাস্তি দেওয়ার জন্যে অপরাজিতা বিল গত তেসরা সেপ্টেম্বর বিধানসভায় পাশ হয়।

তৃণমূলের প্রতিনিধি দলের রাষ্ট্রপতির সঙ্গে সাক্ষাৎ করাকে কটাক্ষ করেছে BJP। দলের রাজ্যসভার সাংসদ তথা মুখপাত্র শমীক ভট্টাচার্য বলেন, যেখানে সরকার নিজে প্রমাণ লোপাট করছে সেখানে এই আইনের কোনো যৌক্তিকতা নেই।

( বাইট- শমীক )

****************************

এদিকে, বিধাননগরের নিউটাউনে নাবালিকা খুন ও ধর্ষণের ঘটনার পর নিরাপত্তায় জোর দিচ্ছে প্রশাসন। বিভিন্ন জায়গায় বসানো হচ্ছে সিসিটিভি ক্যামেরা।

গত ১০ তারিখ নিউটাউন কলকাতা উন্নয়ন কর্তৃপক্ষের আধিকারিক এবং নিউটাউন থানার পুলিশের মধ্যে একটি সমন্বয় বৈঠক হয়।

****************************

কেন্দ্রীয় অর্থমন্ত্রী নির্মলা সীতারামন 'আবাস যোজনা', 'একশ দিনের কাজ' সহ নানা প্রকল্প নিয়ে পশ্চিমবঙ্গ সরকারের ভূমিকার কড়া সমালোচনা করেছেন।

গতকাল সংসদে বাজেট নিয়ে আলোচনায় শ্রীমতী সীতারামণ বলেন, ২০১৬=১৭ অর্থবর্ষ থেকে পশ্চিমবঙ্গেও PM আবাস যোজনা চলছে। কেন্দ্রীয় সরকার এই প্রকল্পে ইতোমধ্যে ২৫ হাজার ৭০০ কোটি টাকার বেশী দিয়েছে। কিন্তু, তৃণমূল কংগ্রেস সরকারের দুর্নীতির কারণে গরীব মানুষ এই প্রকল্পের সুবিধা থেকে বঞ্চিত হচ্ছেন।

( বাইট- সীতারামণ )

এর জবাবে তৃণমূল কংগ্রেসের সাধারণ সম্পাদক অভিষেক ব্যানার্জি বলেন,

( বাইট- অভিষেক )

****************************

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী আগামী ২৩শে ফেব্রুয়ারি আকাশবাণীতে 'মন কি বাত' অনুষ্ঠানে দেশ বিদেশের মানুষের সঙ্গে তাঁর চিন্তাভাবনা ভাগ করে নেবেন। এটি হবে মাসিক এই বেতার অনুষ্ঠানের ১১৯তম পর্ব।

অনুষ্ঠানটি সকাল ১১ টা থেকে আকাশবাণী এবং দূরদর্শনের সবকটি প্রচার তরঙ্গ, এআইআর নিউজ ওয়েবসাইট এবং নিউজ অন এআইআর মোবাইল অ্যাপে সম্প্রচার করা হবে। এআইআর নিউজ, ডিডি নিউজ, পিএমও এবং তথ্য ও সম্প্রচার মন্ত্রকের ইউটিউব চ্যানেলগুলিতেও সরাসরি তা শোনা যাবে।

আকাশবাণীতে হিন্দি ভাষায় সম্প্রচারের ঠিক পরেই আঞ্চলিক ভাষায় তা সম্প্রচারিত হবে। রাত আটটায় আঞ্চলিক ভাষার তর্জমা পুনঃ প্রচারিত হবে।

***************************

‘ঘাটাল মাস্টার প্ল্যান’ রূপায়ণের জন্য রাজ্য বাজেটে ৫০০ কোটি টাকা বরাদ্দের ঘোষণা ঐতিহাসিক বলে রাজ্যের সেচমন্ত্রী ডাক্তার মানস রঞ্জন ভুঁইঞা মন্তব্য করেছেন। সাংবাদিকদের প্রশ্নের জবাবে গতকাল তিনি বলেন, কেন্দ্রীয় সরকারের কাছে বিভিন্ন সময়ে দরবার করা হলেও সহযোগিতা মেলেনি। মাস্টার প্ল্যান রূপায়ণের বিষয়টি নিয়ে আগামী রবিবার জেলাস্তরে রূপায়ণ কমিটি এবং ব্লক স্তরের কমিটি গুলির মধ্যে বৈঠক হবে বলে মানসবাবু জানান।

অন্যদিকে, ঘাটাল মাস্টার প্ল্যানের জন্য কোনোরকম বিস্তারিত প্রকল্প রিপোর্ট ছাড়াই টাকা বরাদ্দ করা হয়েছে বলে CPIM-এর রাজ্য সম্পাদক মহম্মদ সেলিম মন্তব্য করেছেন। মেদিনীপুর শহরে দলীয় বৈঠকে যোগ দিয়ে গতকাল তিনি বলেন, বাজেটে বরাদ্দ ৫০০ কোটি টাকা দিয়ে ঠিকাদারদের পকেট ভরানোর ব্যবস্থা করা হল।

***************************

রাজ্যে অচিরাচরিত শক্তির ব্যবহার বাড়াতে সরকার, কৃষিকাজে সৌরশক্তি চালিত সেচ পাম্প ব্যবহারে জোর দিচ্ছে।

বর্তমানে কৃষিক্ষেত্রে জলসেচে ব্যবহৃত পাম্পগুলিতে বিদ্যুৎ অথবা পেট্রলিয়ামের মতো জ্বালানি ব্যবহার করা হয়। এগুলিকে সৌরবিদ্যুৎ চালিত পাম্পে রুপান্তরিত করার উদ্যোগ

নেওয়া হচ্ছে বলে অচিরাচরিত ও পুনর্নবীকরণযোগ্য শক্তি দপ্তরের মন্ত্রী গোলাম রব্বানি জানিয়েছেন।

***************************

রাষ্ট্রীয় স্বয়ংসেবক সঙ্ঘ- RSS-এর সরসঙ্ঘচালক মোহন ভাগবত গত সন্ধ্যায় ২ দিনের সফরে বর্ধমানে পৌঁছেছেন।

বর্ধমানে সংগঠনের কার্যকর্তাদের সংগে তাঁর বৈঠকের কর্মসূচী রয়েছে। ১৬ তারিখ বর্ধমানের তালিতে সাই কমপ্লেক্সের মাঠে প্রকাশ্য সমাবেশেও শ্রী ভাগবত যোগ দেবেন বলে জানা গিয়েছে।

***************************

ভয়াবহ গঙ্গা ভাঙনের সঙ্গে লড়াই করেই এবছর মাধ্যমিক পরীক্ষা দিচ্ছে মুর্শিদাবাদের সামশেরগঞ্জের ২৩ জন পরিক্ষার্থী। ঘরবাড়ি ভিটেমাটি হারানো বিড়ি শ্রমিক পরিবারের এই যোদ্ধাদের অধিকারের লড়াই নিয়ে আমাদের জেলা সংবাদদাতার একটি প্রতিবেদন।

( ভয়েস কাস্ট- মামুন)

***************************

গাঙ্গেয় পশ্চিমবঙ্গের জেলাগুলিতে আগামী কয়েকদিন তাপমাত্রায় বিশেষ কোনো হেরফের হবে না বলে জানিয়েছে আবহাওয়া দপ্তর। আবহাওয়া মূলত শুষ্কই থাকবে। তবে উত্তরবঙ্গের কয়েকটি জেলায় বিক্ষিপ্ত বৃষ্টি এবং তুষারপাতের সম্ভাবনা।

আজ সকালে কলকাতায় সর্বনিম্ন তাপমাত্রা রেকর্ড করা হয়েছে ১৭ দশমিক ৭ ডিগ্রি সেলসিয়াস-স্বাভাবিক। গতকালের চেয়ে যা প্রায় ৬ ডিগ্রি কম।

***************************

উত্তরাখণ্ডে জাতীয় গেমসে বাংলা আরো দুটি সোনা, একটি রূপোর পদক জয় করেছ। গতকাল টেবল টেনিসে মিক্সড ডাবলসে অনির্বাণ ঘোষ ও ঐহিকা মুখার্জি স্বর্ণপদক পেয়েছেন। জিমন্যাস্টিক্স-এ প্রণতি দাস সোনা এবং প্রতিষ্ঠা সামান্থা রূপো জিতেছেন।

এই নিয়ে বাংলা ১৬ টি সোনা, ১৩ টি রূপো, ১৮ টি ব্রোঞ্জ সহ ৪৭ টি পদক নিয়ে পদক তালিকার অষ্টম স্থানে আছে। আজই জাতীয় গেমসের সমাপ্তি অনুষ্ঠান।

**********************************************************************